COVID-19 টিকা - প্রায়শ জিজ্ঞাসা করা হয় এমন প্রশ

New York State Department of Health

সর্বশেষ আপডেট হয়েছে: 8 ফেব্রুয়ারি 2021

নিরাপত্তা এবং কার্যকারিতা

টিকাটি কি নিরাপদ ও কার্যকরী?

একটি COVID-19 টিকা ফুড অ্যাণ্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) কর্তৃক অনুমোদিত হওয়ার পরে টিকাকরণের নিরাপত্তার ওপর নজরদারির অনেক ব্যবস্থা বিরূপ ঘটনার (সম্ভাব্য পার্শ্ব-প্রতিক্রিয়া) প্রতি নজর রাখে। এই চলতি নজরদারী এমন প্রতিকূল ঘটনাগুলি সনাক্ত করতে পারে যা নিদানিক পরীক্ষাগুলিতে দেখা নাও যেতে পারে। কোনো অপ্রত্যাশিত প্রতিকূল ঘটনা দেখা দিলে, বিশেষজ্ঞরা এটি দ্রুত আরও অধ্যয়ন করেন যাতে দেখা যায় যে এই নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগটি সত্য কিনা। বিশেষজ্ঞরা তারপরে সিদ্ধান্ত নেন যে যুক্তরাষ্ট্রের টিকা সংক্রান্ত সুপারিশগুলিতে পরিবর্তনের প্রয়োজন আছে কিনা।

নিউ ইয়র্ক স্টেট-এ COVID টিকার নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য পর্যালোচনার একটি অতিরিক্ত পর্যায় স্থাপন করা হয়েছিল। জরুরি ব্যবহারের জন্য FDA-এর অনুমোদনের পরে **নিউ ইয়র্ক স্টেট এর নিরপেক্ষ COVID-19 টিকা সম্পর্কিত নিদানিক পরামর্শদানকারী টাস্ক ফোর্স (Clinical Advisory Task Force)** টিকা সম্পর্কিত গবেষণা সম্পূর্ণভাবে পর্যালোচনা করার পরে নিউ ইয়র্ক এর অধিবাসীদের কোনও টিকা নেওয়ার সুপারিশ করেন। ডিসেম্বর 18, 2020 তারিখ পর্যন্ত বর্তমানে দু'টি টিকা FDA কর্তৃক জরুরি ব্যবহারের জন্য স্বাধিকারপ্রাপ্ত এবং নিউ ইয়র্ক স্টেট এর নিরপেক্ষ নিদানিক পরামর্শদানকারী টাস্ক ফোর্স কর্তৃক অনুমোদিত হয়েছে: Pfizer/BioNTech টিকা এবং Moderna-র টিকা।

টিকাটি থেকে আমার কি COVID হতে পারে?

না। অধ্যয়নের অধীনে থাকা কোনো টিকাই এমন উপাদান দিয়ে তৈরি নয় যা থেকে রোগ হতে পারে। উদাহরণস্বরূপ, জরুরি ব্যবহারের জন্য FDA কর্তৃক অনুমোদিত প্রথম টিকায় "mRNA" নামে ভাইরাসের জিনগত উপাদানের ক্ষুদ্র, ক্ষতিকর নয় এমন অংশ ব্যবহার করা হয়। এটি ভাইরাস নয়। mRNA টিকা আপনার শরীরকে ভাইরাস প্রোটিন তৈরি করতে শেখায়। আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা এই প্রোটিনগুলির বিরুদ্ধে অ্যান্টিবডি প্রস্তুত করে যা আপনি COVID-19 এর জন্য দায়ী ভাইরাসের সংস্পর্শে এলে, আপনাকে ভাইরাসটির সঙ্গে লড়াই করতে সাহায্য করবে। একে রোগ প্রতিরোধক প্রতিক্রিয়া বলা হয়।

COVID টিকা কি শিশুদের পক্ষে নিরাপদ?

শিশুদের ক্ষেত্রে COVID19- টিকার পরীক্ষামূলক অধ্যয়ন পরিচালনা করা প্রয়োজন। আজ অবধি COVID19- টিকার কোনও পর্যায় 3 নিদানিক অধ্যয়নে 12 বছরের কম বয়সী শিশুদের অন্তর্ভুক্ত করা হয়নি। নির্দিষ্ট প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্বাস্থ্য পরিচর্যা সরবরাহকারীর সঙ্গে যোগাযোগ করুন। অতিরিক্ত তথ্য **www.cdc.gov** এ পাওয়া যাবে অথবা আরও তথ্যের জন্য এই সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যাণ্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) নির্দেশিকাগুলি দেখুন।

COVID টিকাগুলি কি গর্ভবতী অথবা গর্ভবতী হওয়ার কথা ভাবছেন এমন মহিলাদের জন্য নিরাপদ?

গর্ভাবস্থায় COVID-19 টিকাগুলির সুরক্ষা সম্পর্কে সীমিত গবেষণা আছে, তবে গর্ভবতীরা যদি টিকা নেওয়ার জন্য অগ্রাধিকারী গোষ্ঠীতে থাকেন এবং তাদের টিকা না দেওয়ার চিকিৎসাগত কারণ না থাকে, তবে তারা COVID-19 টিকা পেতে পছন্দ করতে পারেন। আরও অধ্যয়নের পরিকল্পনা করা হয়েছে এবং টিকা নির্মাতারা নিদানিক পরীক্ষাগুলিতে যাঁরা গর্ভবতী হয়েছেন তাঁদের পর্যবেক্ষণ করছেন। বর্তমান জ্ঞানের উপর ভিত্তি করে বিশেষজ্ঞরা বিশ্বাস করেন যে COVID-19 টিকাগুলির জন্য গর্ভবতী অথবা গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন এমন মহিলাদের পক্ষে ঝুঁকি তৈরি করার সম্ভাবনা নেই। আপনি যদি গর্ভবতী হন অথবা গর্ভবতী হওয়ার কথা ভেবে থাকেন, তা হলে আপনার COVID-19 হওয়ার ঝুঁকি এবং অসুস্থ হয়ে পড়লে গুরুতর অসুস্থতার ঝুঁকি সম্পর্কে আপনার স্বাস্থ্য পরিচর্যা সরবরাহকারীর সঙ্গে অবশ্যই আলোচনা করবেন। **COVID-19 এ সংক্রামিত** গর্ভবতী মহিলাদের **গুরুতর অসুস্থতার ঝুঁকি আছে**। একটি টিকা আপনাকে গুরুতর অসুস্থতা থেকে রক্ষা করতে পারে, যা আপনি এবং আপনার ভ্রূণ উভয়কেই সাহায্য করতে পারে।

আপনি যদি একটি টিকা নেন, তাহলে আপনার কি আগে থেকে একটি নেগেটিভ COVID পরীক্ষা প্রয়োজন?

না। **CDC** COVID19- টিকা নেওয়ার আগে COVID19- পরীক্ষার **পরামর্শ দেয় না**।

যদি আমার চিকিৎসার প্রয়োজন এমন কোনও রোগ থাকে, তাহলে কি COVID-19 টিকা গ্রহণ নিরাপদ?

হ্যাঁ। হৃদরোগ, ফুসফুসের রোগ, ডায়াবিটিস ও স্থূলতার মত স্বাস্থ্যের অন্তর্নিহিত সমস্যা থাকা মানুষদের জন্য COVID-19 টিকাকরণ বিশেষভাবে গুরুত্বপূর্ণ। যে ব্যক্তিদের এই অবস্থাগুলি আছে তাদের COVID-19 থেকে খুব বেশি অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা বেশি আছে। COVID টিকা ও আপনার স্বাস্থ্য সম্বন্ধে আপনার সুনির্দিষ্ট প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে পরামর্শ করুন।

NYS-এ COVID-19 সম্পর্কিত আরও তথ্যের জন্য এখানে যান:

আমার যদি ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকে এবং আমি আরোগ্যলাভ করে থাকি, তাহলেও কি আমার টিকা নেওয়ার প্রয়োজন আছে?

হ্যাঁ। আপনার যদি ইতিমধ্যেই COVID-19 হয়ে থাকে তাহলেও CDC আপনাকে টিকা নেওয়ার পরামর্শ দেয়, কারণ আপনি একবারের বেশিও এতে আক্রান্ত হতে পারেন। COVID-19 থেকে সেরে ওঠার পরে আপনার কিছুটা স্বল্পকালীন অ্যান্টিবডি সুরক্ষা থাকলেও, আমরা জানি না যে এই সুরক্ষা কতদিন স্থায়ী হবে।

টিকাটি কি আমাকে অসুস্থ করে তুলবে?

আপনি ইঞ্জেকশন নেওয়ার পরে, আপনি যেমন বোধ করেন সেই ক্ষেত্রে কোনো পরিবর্তনই লক্ষ্য না করতে পারেন। তবে সামান্য "শরীর খারাপের" অনুভূতি হওয়াও সম্ভব। যে কোন টিকা নেওয়ার পরে এটা হতে পারে। এটা টিকা নেওয়ার পরে শরীরের রোগ প্রতিরোধী প্রতিক্রিয়া, এবং টিকাটি কাজ করা শুরু করছে তার একটি লক্ষণ।

COVID-19 টিকা নেওয়ার পরে আপনার যা হতে পারে:

- আপনার বাহুর যে স্থানে ইঞ্জেকশন দেওয়া হয়েছে সেখানে কালশিটে পড়া
- মাথা ব্যথা
- কাঁপুনি
- জ্বর
- ক্লান্তি

বিনা প্রেসক্রিপশনে কেনা ব্যথা উপশমকারী ওষুধ ও জ্বর কমানোর ওষুধগুলি সাহায্য করতে পারে।

আপনার এক বা দুই দিনের মধ্যে ভাল বোধ করা উচিত। আপনি যদি দুই বা তিন দিন পরেও ভাল বোধ না করেন, তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।

টিকাটি কি ইউ.কে.-র নতুন করোনা ভাইরাস স্ট্রেন এর বিরুদ্ধে কাজ করবে?

স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ এর Wadsworth ল্যাবরেটরি যুক্তরাজ্য (ইউ.কে.)-তে করোনা ভাইরাস স্ট্রেন এর উপস্থিতি নিশ্চিত করেছে যা নিউ ইয়র্ক স্টেট-এ B.1.1.7, নামে পরিচিত। যদিও প্রমাণগুলি ইঙ্গিত দেয় যে ইউ.কে-র বিকল্প রূপটি অন্যান্য রূপগুলির তুলনায় অধিক সংক্রমণযোগ্য (সংক্রামক), এটি COVID-19 টিকার ক্ষেত্রে অধিক প্রতিরোধী বলে বিশ্বাস করা হয় না।

আমার কি COVID-19 টিকাটি থেকে অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হতে পারে?

যে কোনো ওষুধ বা টিকার মত জৈবিক পণ্যের প্রতিই মানুষের অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়া হতে পারে। অধিকাংশ অ্যালার্জি প্রতিক্রিয়া একটি টিকা নেওয়ার পরে খুব শীঘ্রই দেখা দেয়, এই কারণেই CDC-এর পরামর্শ হল অ্যানাফাইল্যাক্সিস এর ইতিহাস আছে এমন ব্যক্তিদের (যে কোনও কারণেই) টিকা দেওয়ার পরে 30 মিনিটের জন্য পর্যবেক্ষণে রাখা, যেখানে অন্য সকলকে টিকা দেওয়ার পরে 15 মিনিটের জন্য পর্যবেক্ষণে রাখা হয়। অ্যালার্জিঘটিত প্রতিক্রিয়ার অসম্ভাব্য ঘটনায় যাতে মেডিকাল চিকিৎসা উপলভ্য থাকে, তা সুনিশ্চিত করার জন্য টিকাকরণের সকল স্থানে অবশ্যই উপযুক্ত উপকরণ থাকতে হবে। টিকাটির "যে কোনো অংশে" অ্যালার্জি আছে এমন ব্যক্তিদের রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের জন্য কেন্দ্রসমূহ টিকাটি না নেওয়ার পরামর্শ দেয়।

টিকাটি থেকে কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হবে কি?

নিদানিক অধ্যয়নগুলিতে যে সকল সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে তার মধ্যে আছে ক্লান্তি, ইঞ্জেকশন দেওয়ার স্থানে পেশীতে ব্যথা ও জ্বর।

টিকা থেকে রোগ প্রতিরোধ ক্ষমতার পরিবর্তে, COVID-19 এর বিরুদ্ধে প্রাকৃতিক রোগ প্রতিরোধ ক্ষমতা পাওয়াই কি বেশি ভাল?

না। COVID-19 থেকে সেরে ওঠার পরে আপনার কিছুটা স্বল্পকালীন অ্যান্টিবডি সুরক্ষা থাকলেও, আমরা জানি না যে এই সুরক্ষা কতদিন স্থায়ী হয়। টিকাকরণ হল সর্বোত্তম সুরক্ষা, এবং তা নিরাপদ। যে মানুষদের COVID-19 হয় তাদের গুরুতর অসুস্থতা হতে পারে, এবং কিছু মানুষের দুর্বলকারী উপসর্গ হতে পারে যা কয়েক মাস স্থায়ী হয়।

টিকার রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন স্থায়ী হবে?

গবেষকরা এখনও জানেন না যে টিকাকরণের পরে রোগ প্রতিরোধ ক্ষমতা কতদিন স্থায়ী হয়। এই কারণেই মুখোশ পরা, নিয়মিত হাত ধোওয়া এবং সামাজিক দূরত্বের মতো প্রতিরোধক অভ্যাসগুলি চালিয়ে যাওয়া এখনও গুরুত্বপূর্ণ।

আমি "সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা" সম্বন্ধে শুনেছি। জনসাধারণকে COVID-19 এর জন্য "সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা" অর্জন করাতে কী প্রয়োজন হবে?

যখন পর্যাপ্ত সংখ্যক মানুষ একটি রোগ থেকে সুরক্ষিত থাকেন যার ফলে রোগটি ছড়ানো অব্যাহত থাকার সম্ভাবনা কমে যায়, তখন 'সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা' অর্জিত হয়। ফলস্বরূপ, ভাইরাসটি জনসমাজের মধ্যে সহজে ছড়াবে না। বিশেষজ্ঞরা জানেন না যে COVID-19 এর জন্য সমষ্টিগত রোগ প্রতিরোধ ক্ষমতা অর্জন করার জন্য কত শতাংশ মানুষকে টিকাদানের প্রয়োজন হবে। তাঁরা এটাও জানেন না যে টিকা কতদিন মানুষকে রোগ প্রতিরোধের শক্তি জোগাবে।

COVID-19 জনগোষ্ঠীর মধ্যে প্রাকৃতিকভাবে ছড়াতে দেওয়া অপ্রয়োজনীয় সংক্রমণ, যন্ত্রণা এবং মৃত্যুর কারণ হতে পারে।

আমি COVID অ্যান্টিবডিগুলির ক্ষেত্রে পজিটিভ বলে পরীক্ষিত হয়েছি। আমার কি এখনও টিকা লাগবে?

হ্যাঁ। CDC সুপারিশ করে যে ইতিমধ্যে COVID-19 থাকলেও আপনাকে টিকা দেওয়া হবে, কারণ আপনি একাধিক বার সংক্রামিত হতে পারেন। COVID-19 থেকে সেরে ওঠার পরে আপনার কিছু স্বল্প-মেয়াদী অ্যান্টিবডি সুরক্ষা থাকতে পারে, তবে আমরা জানি না যে এই সুরক্ষা কত দিন স্থায়ী হবে। টিকাকরণ হল সর্বোত্তম সুরক্ষা, এবং তা নিরাপদ। COVID-19 সংক্রামিত মানুষদের মারাত্মক অসুস্থতা থাকতে পারে এবং কারও মধ্যে দুর্বলতার লক্ষণ থাকে যা কয়েক মাস অব্যাহত থাকে।

আমি যদি COVID-19 টিকা নিই, তাহলেও কি আমাকে মাস্ক পরতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে?

হ্যাঁ। টিকাটি পর্যায়ক্রমে প্রচলনের সাথে, আপনাকে অনুমেয় ভবিষ্যতে মাস্ক পরা, সামাজিক দূরত্ব বজায় রাখা, এবং হাতের সুস্বাস্থ্যবিধি অব্যাহত রাখতে হবে।

মুখোশ ব্যবহারের বিষয়ে সুপারিশগুলি পরিবর্তন করার সিদ্ধান্ত নেওয়ার আগে COVID-19 টিকাগুলি যে সুরক্ষা দেয় তা বুঝতে বিশেষজ্ঞদের আরও সময় প্রয়োজন। কতজনকে টিকা দেওয়া হচ্ছে এবং ভাইরাসটি কীভাবে জনসমাজের মধ্যে ছড়িয়ে পড়ছে তা সহ অন্যান্য বিষয়গুলিও এই সিদ্ধান্তকে প্রভাবিত করবে।

উন্নয়ন

টিকাটি এত দ্রুত কীভাবে প্রস্তুত করা হয়েছিল?

এমন অনেকগুলি বিষয় আছে যেগুলি সম্মিলিতভাবে COVID-19 টিকাটিকে দ্রুত ও নিরাপদে প্রস্তুত করার সুযোগ দিয়েছিল:

- গবেষকরা টিকা প্রস্তুত করার ক্ষেত্রে দ্রুত অগ্রসর হয়েছিলেন কারণ COVID-19 এর জন্য দায়ী ভাইরাসটি অন্যান্য বিদ্যমান ভাইরাসগুলির অনুরূপ।
- নতুন ভাইরাসটি সম্বন্ধে গবেষণা প্রায় সঙ্গে সঙ্গেই সারা বিশ্ব জুড়ে বিজ্ঞানীদের সঙ্গে আদানপ্রদান করা হয়েছিল, যা তাৎক্ষণিকভাবে টিকা প্রস্তুত করার কাজ শুরু করার সুযোগ দিয়েছিল।
- বেশ কিছু গবেষক **একই সময়ে পর্যায় এক এবং দুইয়ের পরীক্ষাগুলি** চালাতে সক্ষম হয়েছিলেন।
- COVID-19 নিয়ে করা গবেষণায় সাম্প্রতিক অন্যান্য টিকার পরীক্ষার তুলনায় বিপুল সংখ্যক মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছিল, যার অর্থ হল স্বল্প সময়ের মধ্যে পরীক্ষায় বিরাট সংখ্যক মানুষ অন্তর্ভুক্ত হয়েছেন।
- অধ্যয়নগুলি চলতে থাকার সময়ে, যুক্তরাষ্ট্রীয় সরকার সবচেয়ে প্রতিশ্রুতিময় টিকাগুলি উৎপাদন করার অনুমতি দিয়েছিল। এর অর্থ হল এই যে স্বাধিকারপ্রাপ্ত হলে প্রায় অবিলম্বেই জনসাধারণকে এটা দেওয়া যায়।

এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে সকল টিকা প্রস্তুতকারককে উন্নয়ন প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ের মধ্যে যেতে হয় এবং নিরাপত্তা ও কার্যকরিতার (কোনো কিছু কতটা ভালভাবে কাজ করে) সকল মানদণ্ড পূরণ করতে হয়। আদর্শ **টিকা পরীক্ষা ও অনুমোদনের প্রক্রিয়ার** অনেক ধাপগুলি সম্পর্কে জানুন।

COVID-19 টিকাটি কী?

Pfizer এর COVID-19 টিকার উপাদানগুলি **এখানে পৃষ্ঠা 2-তে** তালিকাভুক্ত আছে।

Moderna-র COVID-19 টিকার উপাদানগুলি **এখানে পৃষ্ঠা 2-তে** তালিকাভুক্ত আছে।

নিদানিক পরীক্ষাগুলিতে কারা ছিলেন?

উভয় টিকার নিদানিক পরীক্ষা যা FDA কর্তৃক জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত হয়েছে তার মধ্যে বিবিধ বর্ণ ও জাতিগত পটভূমির এবং বিভিন্ন স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগ আছে এমন হাজার হাজার পুরুষ এবং মহিলা অন্তর্ভুক্ত হয়েছেন।

নিদানিক পরীক্ষার অংশগ্রহণকারীদের জনতাত্ত্বিক বিভাজনটি এখানে পাওয়া যায়:

- **Moderna টিকা**
- **Pfizer টিকা**

ডায়াবিটিস বা উচ্চ রক্তচাপ সহ আনুষঙ্গিক অসুস্থতা থাকা মানুষদের কি নিদানিক পরীক্ষাগুলিতে অন্তর্ভুক্ত করা হয়েছিল?

হ্যাঁ। উভয় টিকার নিদানিক পরীক্ষাগুলিতে অংশগ্রহণকারীদের অন্তত এমন একটি অবস্থা হিসাবে এই মর্মে চিহ্নিত করা হয়েছিল যা তাদের COVID-19 এর গুরুতর জটিলতার ঝুঁকিতে ফেলেছে এবং যার অন্তর্ভুক্ত হল:

- দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ (যেমন এম্ফিসেমা ও দীর্ঘস্থায়ী ব্রংকাইটিস, ইডিওপ্যাথিক পালমোনারি ফাইব্রোসিস ও সিস্টিক ফাইব্রোসিস) অথবা মাঝারি থেকে তীব্র হাঁপানি
- উল্লেখযোগ্য হৃৎপিণ্ডের রোগ (যেমন হৃৎপিণ্ডের অকার্যকারিতা, করোনারি ধমনীর রোগ, জন্মগত হৃদরোগ, কার্ডিওমায়োপ্যাথি, ও পালমোনারি হাইপারটেনশন)
- স্থূলতা (বডি মাস ইনডেক্স ≥ 30 kg/m2)
- ডায়াবেটিস (প্রকার 1, প্রকার 2 বা গর্ভাবস্থাকালীন)
- লিভারের রোগ
- হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস (Human Immunodeficiency Virus, HIV) সংক্রমণ (কার্যদক্ষতা মূল্যায়নে অন্তর্ভুক্ত ছিল না)

COVID-19 টিকাতে কি প্রাণীজ উপাদানগুলি থাকে?

না। Moderna ও Pfizer BioNTech COVID-19 টিকাগুলির উৎপাদন প্রক্রিয়াটি কোষমুক্ত এবং উভয় টিকাতেই কোনো মানব বা প্রাণীজ পণ্য, প্রিজার্ভেটিভ বা অ্যাডজুভ্যান্ট নেই এবং মানব বা প্রাণীজ উৎসের কোনো উপাদান ব্যবহার করা হয় না।

লভ্যতা

কখন আমার এই টিকা পাওয়া উচিত?

যত শীঘ্র এটি আপনার ক্ষেত্রে লভ্য হবে। স্টেট এর স্বাস্থ্য বিভাগ আরও বেশি টিকার ডোজ লভ্য হওয়ার সঙ্গে সঙ্গে নিউ ইয়র্ক এর অধিবাসীদের জানিয়ে দেবে কখন এবং কোথায় টিকা নেওয়া যেতে পারে।

কারা প্রথমে টিকা পাবে?

নিউ ইয়র্ক স্টেট প্রয়োজন এবং ঝুঁকির ভিত্তিতে পর্যায়ক্রমে COVID-19 টিকা বিতরণ করবে। নিউ ইয়র্ক এর যে সব অধিবাসীর ভাইরাসের সংস্পর্শে আসার এবং COVID-19 সংক্রমণে গুরুতর অসুস্থ হওয়ার আশঙ্কা বেশি, তাদের প্রথমে টিকা নেওয়ার সুযোগ দেওয়া হবে। যুক্তরাষ্ট্রীয় সরকার ও নিউ ইয়র্ক স্টেট উভয়ই সুনিশ্চিত করার জন্য পরিকল্পনা প্রস্তুত করেছে যাতে প্রচুর পরিমাণে টিকা উপলভ্য হওয়ার সাথে সাথেই প্রত্যেকে বিনা খরচে একটি COVID-19 টিকা পেতে পারেন, তারা যেখানেই বসবাস করুন না কেন।

পর্যায় 1 এর অংশ হিসেবে প্রথমে যে নিউ ইয়র্কবাসীরা টিকাটি পাবেন, তারা হলেন উচ্চ-ঝুঁকিসম্পন্ন হাসপাতাল কর্মী (এমার্জেন্সি রুম কর্মী, ICU কর্মী এবং পালমোনারি বিভাগের কর্মী), নার্সিক হোমের আবাসিক, নার্সিং হোমের কর্মী, তারপরে সকল দীর্ঘকালীন ও কংগ্রেগেট পরিচর্যার আবাসিক ও কর্মী, EMS কর্মী, অন্যান্য স্বাস্থ্য পরিচর্যা কর্মী, মৃতদেহ পরীক্ষক ও চিকিৎসাগত পরীক্ষক।

একটির বেশি টিকা উপলভ্য হবে কি?

হ্যাঁ। বর্তমানে জরুরি ব্যবহারের জন্য দুটি টিকা FDA কর্তৃক স্বাধিকারপ্রাপ্ত হয়েছে এবং আরও টিকা তা পাবে এমন প্রত্যাশা করা হচ্ছে।

9 ডিসেম্বর 2020 তারিখ পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রে চারটি টিকার পর্যায় 3-এর নিদানিক পরীক্ষাগুলি শুরু হয়েছে।

একটি টিকা নিরাপদ কিনা এবং তা কতটা ভালভাবে কাজ করে তা অধ্যয়ন করার জন্য পর্যায় 3 পরীক্ষাগুলি বিশাল সংখ্যক মানুষের সাথে পরিচালনা করা হয়।

আমার কতবার টিকা নেওয়ার দরকার হবে?

বর্তমানে পর্যায় 3 নিদানিক পরীক্ষাগুলিতে থাকা COVID-19 টিকার একটি ব্যতীত সবগুলির অথবা যেগুলি মার্কিন যুক্তরাষ্ট্রে জরুরি ব্যবহারের জন্য FDA কর্তৃক স্বাধিকারপ্রাপ্ত হয়েছে এমন টিকাগুলি কার্যকর হওয়ার জন্য দুটি ইঞ্জেকশন দরকার।

টিকাটি কি বিনামূল্য?

হ্যাঁ। COVID-19 টিকাগুলি বিনা মূল্যে উপলভ্য হবে।

আমাকে কি বাধ্যতামূলকভাবে টিকা নিতে হবে?

নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকাকে বাধ্যতামূলক করছে না।

যোগ্যতা এবং সময়সূচি নির্ধারণ

আমি কীভাবে জানব যে আমি একজন প্রয়োজনীয় কর্মী হিসাবে যোগ্য কিনা?

নিউ ইয়র্ক এর অধিবাসীরা তাদের যোগ্যতা **“Am I Eligible” (আমি কি যোগ্য অ্যাপ) অ্যাপ** এর মাধ্যমে পরীক্ষা করে দেখতে পারেন। যোগ্যতাসম্পন্ন প্রয়োজনীয় কর্মীদের তথ্যের জন্য তাদের ইউনিয়ন অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করা উচিত।

ফেডারেল সরকারের কাছ থেকে COVID টিকার সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের টিকার ইঞ্জেকশন এর সময়সূচি নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

ওয়াক-ইন সাক্ষাৎ কি গৃহীত হয়, নাকি আমার সাক্ষাতের জন্য সময় চেয়ে নেওয়ার প্রয়োজন আছে?

আপনার অবশ্যইCOVID-19 টিকা গ্রহণের জন্য সাক্ষাতের সময় নির্দিষ্ট আছে। ওয়াক-ইন সাক্ষাৎ অনুমোদিত নয়। টিকাগুলি ওষুধের দোকান, হাসপাতাল এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের মাধ্যমে রাজ্য জুড়ে পাওয়া যাবে - অনুগ্রহ করে আপনার টিকা সংক্রান্ত সাক্ষাতের সময়সূচি নির্ধারণ করতে আপনার পছন্দের সরবরাহকারীর সঙ্গে যোগাযোগ করুন।

নিউ ইয়র্ক এর অধিবাসীরা নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকাদান কেন্দ্রে সাক্ষাতের জন্য সময় চাইতে পারেন **ny.gov/vaccine** -এ অথবা নিউ ইয়র্ক রাজ্যের COVID-19 ভ্যাকসিনেশন হটলাইন-এ সকাল 7 টা - রাত 10 টা পর্যন্ত, সপ্তাহের 7 দিন 1-833-NYS-4-VAX (1-833-697-4829) নম্বরের মাধ্যমে সময় চাইতে পারেন।

ফেডারেল সরকারের কাছ থেকে COVID টিকার সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের টিকার ইঞ্জেকশন এর সময়সূচি নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

টিকা পাওয়ার জন্য আমার কী তথ্য দেওয়ার প্রয়োজন?

নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকাকেন্দ্রগুলিতে সাক্ষাতের জন্য নিবন্ধীকৃত হয়েছেন এমন যোগ্য ব্যক্তিদের অবশ্যই নিম্নলিখিতগুলি উপস্থিত করতে হবে:

- পর্যাপ্ত ID (যার মধ্যে আছে NYS, ফেডারেল সরকার অর্থাৎ সেনাবাহিনী কর্তৃক প্রদত্ত যে কোনও পরিচয়পত্র)। 18 বছরের কমবয়সী শিশুদের সঙ্গে অবশ্যই পিতামাতা অথবা একজন আইনি অভিভাবক থাকতে হবে যিনি তাদের হয়ে টিকা নেওয়ার ব্যাপারে সম্মতি দিতে পারবেন।
- এবং, টিকার জন্য যোগ্যতার প্রমাণ

যদি কোনও ব্যক্তি তাদের কর্মসংস্থানের অবস্থার কারণে যোগ্য হয় তবে তাদের অবশ্যই প্রমাণ করতে হবে যে তারা নিউ ইয়র্ক স্টেট-এ কাজে নিযুক্ত আছে। প্রমাণের অন্তর্ভুক্ত থাকতে পারে:

- কর্মীর ID কার্ড অথবা ব্যাজ,
- নিয়োগকর্তা অথবা অনুমোদিত সংস্থার চিঠি, অথবা
- অথবা নির্দিষ্ট অগ্রাধিকারের স্থিতির উপর নির্ভর করে একটি পে স্টাব।

যদি কোনও ব্যক্তি তাদের বয়সের কারণে যোগ্য হয় তবে তাদের অবশ্যই বয়সের প্রমাণ এবং নিউ ইয়র্ক-এ আবাসের প্রমাণ সরবরাহ করতে হবে।

নিউ ইয়র্ক-এ বাসস্থান প্রমাণের জন্য একজন ব্যক্তিকে অবশ্যই দেখাতে হবে:

- যে কোনও একটি: বাড়ির মালিকের বিবৃত; বর্তমানের ভাড়া অথবা ইজারার রসিদ; বন্ধকীর নথিপত্র; অথবা
- নিম্নলিখিতগুলির মধ্যে দু'টি: অন্য এক ব্যক্তির বিবৃতি; বর্তমানের ডাক; স্কুলের নথিপত্র.

বয়সের জন্য এই জাতীয় প্রমাণ অন্তর্ভুক্ত থাকতে পারে:

- গাড়ি চালকের লাইসেন্স অথবা গাড়ি চালক না হওয়ার ID;
- কোনও স্টেট অথবা স্থানীয় সরকার প্রদত্ত জন্ম সনদ;
- বর্তমান মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট অথবা বৈধ বিদেশী পাসপোর্ট;
- স্থায়ী বাসিন্দা কার্ড;
- নাগরিকত্ব অর্পণ সম্পর্কিত অথবা নাগরিকত্বের শংসাপত্র;
- জন্ম তারিখ সহ জীবন বিমা পলিসি; অথবা
- জন্ম তারিখ সহ বিবাহের শংসাপত্র

আপনি COVID-19 এর টিকা নেওয়ার যোগ্য কি না তা জানতে অনলাইন-এ "**Am I Eligible**" সরঞ্জামটি ব্যবহার করুন।

কোন বয়সের গ্রুপ এই টিকা পাওয়ার যোগ্য?

পর্যায় 1b এর অংশ হিসাবে, নিউ ইয়র্ক এর 65 বছর অথবা তার বেশি বয়সী অধিবাসীরা COVID-19 টিকা গ্রহণের জন্য যোগ্য। এছাড়াও নিউ ইয়র্ক এর অধিবাসীরা তাদের যোগ্যতা **"Am I Eligible" অ্যাপ** এর মাধ্যমে পরীক্ষা করতে এবং নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকা কেন্দ্রের অনুসন্ধান করতে পারেন। নিউ ইয়র্ক এর যেসব অধিবাসীর বয়স 65 অথবা তার বেশি নয়, তাঁরাও যোগ্য হতে পারেন যদি তাঁরা এক অথবা একাধিক **যোগ্য শ্রেণিতে** থাকেন।

ফেডারেল সরকারের কাছ থেকে COVID টিকার সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের টিকার ইঞ্জেকশন এর সময়সূচি নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমার বয়স 65 অথবা তার বেশি। টিকাটি কোথায় পাওয়া যাবে তা আমি কীভাবে জানতে পারি?

ফার্মাসিগুলি টিকা গ্রহণ করছে এবং 65+ বয়সী ব্যক্তিদের অগ্রাধিকার দিচ্ছে। আপনার টিকাকরণ সাক্ষাতের সময় নির্ধারণ করতে অনুগ্রহ করে আপনার পছন্দের ফার্মাসি'র সঙ্গে যোগাযোগ করুন। এছাড়াও, স্টেটব্যাপী টিকা বিতরণকারী স্টেট-পরিচালিত সাইটগুলির একটি নেটওয়ার্ক আছে - নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকাদান কেন্দ্রগুলিতে যোগ্যতা এবং সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য শুধু **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করুন। এছাড়াও আপনি নিউ ইয়র্ক স্টেট এর COVID-19 ভ্যাকসিনেশন হটলাইন-এ সকাল 7টা - রাত 10টা, সপ্তাহে 7 দিন 1-833-NYS-4-VAX (1-833-697-4829)নম্বরে ফোন করতে পারেন।

আমি প্রথম রেসপণ্ডার। আমি কি টিকা পাওয়ার যোগ্য?

নিম্নলিখিত প্রথম রেসপণ্ডারদের গ্রুপগুলি পর্যায় 1b এর অংশ হিসাবে টিকা পাওয়ার যোগ্য। আপনি যোগ্য হতে পারেন কি না তা জানতে অনুগ্রহ করে এই তালিকাটি পর্যালোচনা করুন।

- দমকল পরিষেবা
  - দমকলকর্মী এবং তদন্তকারী (পেশাদার এবং স্বেচ্ছাসেবক) সহ স্টেট এর দমকল পরিষেবা
  - দমকলকর্মী এবং তদন্তকারী (পেশাদার এবং স্বেচ্ছাসেবক) সহ স্থানীয় দমকল পরিষেবা
- পুলিশ এবং তদন্তকারী
  - ট্রুপার সহ স্টেট পুলিশ
  - স্টেট পার্ক পুলিশ, পরিবেশ সংরক্ষণ বিভাগ (DEC) পুলিশ, ফরেস্ট রেঞ্জার
  - স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) পুলিশ
  - শেরিফের কার্যালয়সমূহ
  - কাউন্টি পুলিশ বিভাগ এবং পুলিশ ডিস্ট্রিক্ট
  - শহর, ছোট শহর এবং গ্রামের পুলিশ বিভাগ
  - ট্র্যানজিট অথবা অন্যান্য সরকারি কর্তৃপক্ষের পুলিশ বিভাগ
  - স্টেট এর ফিল্ড ইনভেস্টিগেটর যার মধ্যে আছে মোটরযান বিভাগ (Department of Motor Vehicles), স্টেট কমিশন অফ কারেকশন (Commission of Correction), জাস্টিস সেন্টার (Justice Center), ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিস (Department of Financial Service), ইন্সপেক্টর জেনারেল (Inspector Genera), ডিপার্টমেন্ট অফ ট্যাক্স অ্যাণ্ড ফাইন্যান্স (Department of Tax and Finance), অফিস অফ চিলড্রেন অ্যাণ্ড ফ্যামিলি সার্ভিসেস্ (Office of Children and Family Services) এবং স্টেট লিকার অথরিটি (Liquor Authority) ।
- জন নিরাপত্তা যোগাযোগ
  - জরুরি যোগাযোগ এবং জন নিরাপত্তা সংক্রান্ত আনসারিং পয়েন্ট কর্মী, প্রেরণকারী এবং প্রযুক্তিবিদ সহ
- শপথ নিয়েছেন এমন এবং সিভিলিয়ান অন্যান্য কর্মী
  - আদালতের কর্মকর্তা
  - অন্যান্য পুলিশ অথবা শান্তি অফিসার
- উপরোক্ত যে কোনও পরিষেবা, এজেন্সি অথবা ফেসিলিটি-র সহায়ক অথবা সিভিলিয়ান কর্মী
- সংশোধনাগার
  - স্টেট ডিপার্টমেন্ট অফ কারেকশনস্ অ্যাণ্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision) কর্মী যার অন্তর্ভুক্ত হল কারেকশন এবং প্যারোল কর্মকর্তাগণ
  - অন্যান্য কারেকশনাল ফেসিলিটি যার মধ্যে আছে কারেকশন কর্মকর্তাগণ
  - প্রোবেশন অফিসার সহ স্থানীয় প্রোবেশন বিভাগসমূহ
  - স্টেট জুভেনাইল ডিটেনশন অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন ফেসিলিটি
  - স্থানীয় জুভেনাইল ডিটেনশন অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন ফেসিলিটি

প্রথম রেসপণ্ডারেরা হয় সাক্ষাতের জন্য সময়সূচি নির্ধারণের লক্ষ্যে তাদের ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করতে পারেন, তাদের স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করতে পারেন অথবা নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকা কেন্দ্র খুঁজে নিতে পারেন, নিউ ইয়র্ক স্টেট এর **"Am I Eligible" অ্যাপটি** ব্যবহার করে। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি একজন স্থানীয় পুলিশ অফিসার, শেরিফ ডেপুটি, স্টেট ট্রুপার অথবা সহায়তা কর্মী। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

পুলিশ অফিসার, স্টেট ট্রুপার, শেরিফ এর অফিসের কর্মচারী এবং সম্পর্কিত সহায়তা কর্মীদের সাক্ষাতের সময় নির্ধারণের ব্যাপারে আরও তথ্যের জন্য তাদের ইউনিয়ন অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করা উচিত। এই কর্মী সহ নিউ ইয়র্ক এর সকল অধিবাসী এছাড়াও নিউ ইয়র্ক স্টেট এর **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক পরিচালিত টিকা কেন্দ্রের সন্ধান পেতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি NYPD অথবা FDNY-এর সদস্য। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

নিউ ইয়র্ক সিটি-র পুলিশ অফিসার এবং দমকল কর্মীরা সাক্ষাতের সময়সূচি নির্ধারণের ব্যাপারে আরও তথ্যের জন্য তাঁদের ইউনিয়নের সঙ্গে অথবা নিউ ইয়র্ক সিটি-র স্বাস্থ্য বিভাগের (New York City Department of Health) সঙ্গে যোগাযোগ করবেন। নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) এবং সিটি অব নিউ ইয়র্ক এর দমকল বিভাগ (Fire Department of the City of New York, FDNY)-এর কর্মচারী সহ নিউ ইয়র্ক এর সকল যোগ্য অধিবাসী নিউ ইয়র্ক স্টেট কর্তৃক পরিচালিত টিকাদান কেন্দ্রের সন্ধান পেতে পারেন **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি একজন পি -12 স্কুল ফ্যাকাল্টি অথবা কর্মী সদস্য। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

শিক্ষকদের সাক্ষাতের সময় নির্ধারণের জন্য তাদের ইউনিয়ন অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করা উচিত, অথবা নিউ ইয়র্ক স্টেট এর **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক পরিচালিত টিকাকেন্দ্র খুঁজে নিতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি পি -12 স্কুল অথবা স্কুল ডিস্ট্রিক্ট এর বিকল্প শিক্ষক। আমি কি টিকা পাওয়ার যোগ্য?

হ্যাঁ। পি -12 স্কুল এবং স্কুল ডিস্ট্রিক্ট এর বিকল্প শিক্ষকদের পর্যায় 1b এর অংশ হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তারা টিকা পাওয়ার যোগ্য।

আমি স্কুল বাসের ড্রাইভার। আমি কি টিকা পাওয়ার যোগ্য?

হ্যাঁ। চুক্তিভিত্তিক স্কুলের বাস ড্রাইভার সহ P-12 স্কুল অথবা স্কুল ডিস্ট্রিক্ট-এ কর্মরত ঠিকাদাররা পর্যায় 1b এর অংশ হিসাবে অন্তর্ভুক্ত আছেন এবং টিকা পাওয়ার যোগ্য।

আমি শিশু পরিচর্যা কর্মী। আমি কি টিকা পাওয়ার যোগ্য?

হ্যাঁ, লাইসেন্সপ্রাপ্ত অথবা নিবন্ধীকৃত শিশু পরিচর্যা প্রদানকারীরা টিকা পাওয়ার যোগ্য। লাইসেন্সপ্রাপ্ত অথবা নিবন্ধীকৃত শিশু পরিচর্যা পরিবেশের কর্মী অথবা সহায়ক কর্মীরাও এর যোগ্য। টিকাগুলি ওষুধের দোকান, হাসপাতাল এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের মাধ্যমে রাজ্য জুড়ে পাওয়া যাবে - অনুগ্রহ করে আপনার টিকা সংক্রান্ত সাক্ষাতের সময়সূচি নির্ধারণ করতে আপনার পছন্দের সরবরাহকারীর সঙ্গে যোগাযোগ করুন। এছাড়াও, রাজ্যব্যাপী টিকা বিতরণকারী রাজ্য-পরিচালিত সাইটগুলির একটি নেটওয়ার্ক আছে - নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকাদান কেন্দ্রগুলিতে যোগ্যতা এবং সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য শুধু **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করুন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি নিউ ইয়র্ক সিটি-র পি -12 ফ্যাকাল্টি অথবা কর্মী সদস্য। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

শিক্ষকেরা সাক্ষাতের সময়সূচি নির্ধারণের ব্যাপারে আরও তথ্যের জন্য তাঁদের ইউনিয়নের সঙ্গে অথবা নিউ ইয়র্ক সিটি-র স্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করবেন। নিউ ইয়র্ক সিটি স্কুল ফ্যাকাল্টি এবং কর্মী সদস্য সহ নিউ ইয়র্ক এর সকল যোগ্য অধিবাসী নিউ ইয়র্ক স্টেট কর্তৃক পরিচালিত টিকা কেন্দ্রগুলি **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে খুঁজে পেতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি একজন পাবলিক ট্র্যানজিট কর্মী (বিমান, যাত্রী পরিবাহী রেলপথ, পাতাল রেল ও গণপরিবহন, ফেরি, বন্দর কর্তৃপক্ষের কর্মী, সরকারি বাস কর্মী)। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

কীভাবে টিকার জন্য সাক্ষাতের সময়সূচিত নির্ধারণ করা যায় সে সম্পর্কে আরও তথ্যের জন্য পাবলিক ট্র্যানজিট কর্মীদের তাদের ইউনিয়ন অথবা নিয়োগকারী এজেন্সির সঙ্গে যোগাযোগ করা উচিত। পাবলিক ট্র্যানজিট কর্মী সহ নিউ ইয়র্ক এর সকল যোগ্য অধিবাসী নিউ ইয়র্ক রাজ্য পরিচালিত টিকা কেন্দ্রগুলি **"Am I Eligible"অ্যাপ-টি** ব্যবহার করে খুঁজে পেতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি একজন সংশোধন কর্মকর্তা। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

সংশোধনকারী কর্মকর্তাদের টিকার সাক্ষাতের সময়সূচি নির্ধারণের পদ্ধতি সম্পর্কে আরও তথ্যের জন্য তাদের ইউনিয়ন অথবা স্থানীয় বিভাগের সঙ্গে যোগাযোগ করা উচিত। সংশোধনকারী কর্মকর্তা সহ নিউ ইয়র্ক এর সকল যোগ্য অধিবাসী নিউ ইয়র্ক স্টেট কর্তৃক পরিচালিত টিকাদান কেন্দ্রের সন্ধান পেতে পারেন **"Am I Eligible"? অ্যাপ-টি**। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

যোগ্য সংশোধন কর্মকর্তা এবং কর্মীদের অন্তর্ভুক্ত হলেন নিম্নলিখিতরা:

- স্টেট ডিপার্টমেন্ট অফ কারেকশনস্অ্যাণ্ড কমিউনিটি সুপারভিশন কর্মী যার অন্তর্ভুক্ত হল কারেকশন এবং প্যারোল কর্মকর্তাগণ
- অন্যান্য কারেকশনাল ফেসিলিটি যার মধ্যে আছে কারেকশন কর্মকর্তাগণ
- প্রোবেশন অফিসার সহ স্থানীয় প্রোবেশন বিভাগসমূহ
- স্টেট জুভেনাইল ডিটেনশন অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন ফেসিলিটি
- স্থানীয় জুভেনাইল ডিটেনশন অ্যাণ্ড রিহ্যাবিলিটেশন ফেসিলিটি

আমি একটি সরকারি বাস কোম্পানিতে কাজ করি। আমি কীভাবে টিকার ইঞ্জেকশন পেতে পারি?

যাঁরা সরকারি বাস কোম্পানিতে কাজ করেন তাঁরা স্থানীয় ইউনিয়ন অথবা তাঁদের বাস কোম্পানির সঙ্গে যোগাযোগ করতে পারেন যারা তাদের স্থানীয় স্বাস্থ্য বিভাগের সঙ্গে টিকাদান কেন্দ্রগুলির সমন্বয় এবং সাক্ষাতের সময়সূচি নির্ধারণ করবেন। সরকারি বাস ড্রাইভার সহ নিউ ইয়র্ক এর সকল যোগ্য অধিবাসী নিউ ইয়র্ক স্টেট পরিচালিত টিকা কেন্দ্রগুলি **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে খুঁজে পেতে পারেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি জনসমক্ষে মুদি দোকান কর্মী। আমি কি টিকা পাওয়ার যোগ্য?

হ্যাঁ। জনসমক্ষে মুদি দোকান কর্মীরা পর্যায় 1b এর অংশ হিসাবে যোগ্য। এই কর্মীদের কীভাবে একটি টিকা পেতে হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য তাদের ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করা উচিত, অথবা নিউ ইয়র্ক স্টেট এর **"Am I Eligible" অ্যাপ-টি** ব্যবহার করে স্টেট কর্তৃক পরিচালিত টিকাদান কেন্দ্রগুলি খুঁজে পেতে পারেন। আপনি যদি সাক্ষাতের সময়সূচি নির্ধারণ করে থাকেন তবে আপনাকে অবশ্যই যোগ্যতার প্রমাণটি পে স্টাব এবং ম্যাচিং id রূপে আনতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে।

আমি সাক্ষাতের সময় নির্ধারণ করতে চাই কিন্তু আমাকে বলা হচ্ছে যে কোনও সাক্ষাৎ লভ্য নয়। আমার কী করা উচিত?

ফেডারেল সরকার থেকে টিকার সীমিত সরবরাহের কারণে নিউ ইয়র্ক এর যোগ্য অধিবাসীদের টিকার সাক্ষাতের সময় নির্ধারণ করতে 14 সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে। সরবরাহ বাড়ার সঙ্গে সঙ্গে আরও সাক্ষাৎ লভ্য হবে। আমরা অধিক টিকা সরবরাহের জন্য অপেক্ষা করছি বলেই নিউ ইয়র্ক এর অধিবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করছি।

টিকা গ্রহণের আগে আমি যে ফর্মগুলি পূরণ করি, সেখানে কি নন-বাইনারি লিঙ্গ বিকল্প থাকবে?

নিউ ইয়র্ক স্টেট কর্তৃক তৈরি এবং রক্ষিত ফর্ম, যেগুলি স্টেট এবং স্থানীয় স্বাস্থ্য বিভাগের টিকা প্রদান কেন্দ্রগুলিতে ব্যবহৃত হয়, তাতে একটি নন-বাইনারি লিঙ্গ বিকল্প অন্তর্ভুক্ত থাকবে।

টিকা নেওয়ার সময় আমার কি একটি মুখোশ পরা উচিত?

হ্যাঁ। আপনি যখন টিকা নিতে যাবেন, তখন অনুগ্রহ করে মুখোশ অথবা মুখের আচ্ছাদন আনার এবং পরার পরিকল্পনা করুন।

"Am I Eligible" প্রি-স্ক্রিনিং অ্যাপ-টি বলছে যে আমি যোগ্য নই, কিন্তু আমি বিশ্বাস করি যে আমি যোগ্য। আমার কী করা উচিত?

নিউ ইয়র্ক স্টেট এর প্রাক-স্ক্রিনিংয়ের সরঞ্জাম – "Am I Eligible" অ্যাপ-টি কেউ এই টিকা পাবেন কি না সে ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয় না। যদি বিশ্বাস করেন যে আপনি নিউ ইয়র্ক এর অধিবাসী হিসেবে কোনও একটি **যোগ্যতার শ্রেণির** অন্তর্ভুক্ত, তাহলে নিউ ইয়র্ক স্টেট এর COVID19- ভ্যাকসিনেশন হটলাইন-এ -833-1NYS-4-VAX (4829-697-833-1)নম্বরে, সকাল 7টা - রাত 10টা, সপ্তাহে 7 দিনই কল করতে পারেন। সাক্ষাতের সময় নির্ধারণের পরে, নিউ ইয়র্ক এর সকল অধিবাসীকে অবশ্যই **নিউ ইয়র্ক স্টেট এর COVID19- টিকা ফর্ম** যাতে আইনের দণ্ডের আওতায় এই মর্মে স্ব-প্রমাণীকরণ অন্তর্ভুক্ত আছে যে সেই ব্যক্তি টিকা পাওয়ার জন্য যোগ্য অগ্রাধিকার গোষ্ঠীর সদস্য, তা সম্পূর্ণ করতে হবে।

টিকার জন্য কারা যোগ্য তার সম্পূর্ণ তালিকা আমি কোথায় পাব?

কারা COVID19- টিকা পাওয়ার যোগ্য তার বর্তমান তালিকা পাওয়ার জন্য অনুগ্রহ করে **এই পৃষ্ঠাটি** দেখুন।

যদি আমার নথিপত্রের প্রমাণ না থাকে, তাহলে কি আমার সম্পর্কিত ব্যক্তিগত তথ্যের আদানপ্রদান হবে?

কোনও ব্যক্তির অভিবাসন স্থিতিকে শনাক্ত করা যায় এমন কোনও তথ্য নিউ ইয়র্ক সম্প্রচার করবে না। এর মধ্যে নাম এবং ঠিকানা অন্তর্ভুক্ত, তবে তালিকাটি এর মধ্যেই সীমাবদ্ধ নয়। তথ্যের আদানপ্রদান নিউ ইয়র্ক এর কঠোর আইন অনুসারে হবে যা অভিবাসন স্থিতিকে সুরক্ষিত রাখে এবং তার মধ্যে শুধু গড় জনতাত্ত্বিক তথ্য এবং টিকাদানের তারিখ ও মাত্রাই থাকবে। এছাড়াও CDC এই মর্মে সম্মত হয়েছে যে নিউ ইয়র্ক আদানপ্রদান করবে এমন কোনও তথ্যের ব্যবহার এবং তাতে প্রবেশাধিকারের বিষয়গুলি অন্য কোনও এজেন্সি অথবা সত্তার সঙ্গে সরকারি স্বাস্থ্যের সঙ্গে সম্পর্কিত নয় এমন কোনও উদ্দেশ্যে আদানপ্রদান করা হবে না।